

**भारतीय रिज़र्व बैंक**
RESERVE BANK OF INDIAवेबसाइट : www.rbi.org.in/hindiWebsite : www.rbi.org.inई-मेल/email : helpdoc@rbi.org.in

संचार विभाग, केंद्रीय कार्यालय, शाहीद भगत सिंह मार्ग, फोर्ट, मुंबई-400001

Department of Communication, Central Office, Shahid Bhagat Singh Marg, Fort, Mumbai-400001 फोन/Phone: 022- 22660502

15 মে, 2023

ত্রিপুরা গ্রামীণ ব্যাঙ্ক-এর উপর ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক আর্থিক জরিমানা আরোপ করল

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক (আরবিআই), 10 মে, 2023 দিনাঙ্কিত একটি আদেশ দ্বারা, "প্রডেন্সিয়াল নিয়মের শক্তিশালীকরণ-প্রতিশনিং, অ্যাসেট ক্লাসিফিকেশন এবং এক্সপোজার লিমিট' এবং 'আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্ক-আয়ের স্বীকৃতি, সম্পদের শ্রেণিবিন্যাস এবং বিধানের নিয়ম - নন-পারফর্মিং অ্যাসেটস (এনপিএ)" -এর প্রতি আরবিআই নির্দেশবিধি সমূহ অমান্য করা-র মর্মে আগরতলা, ত্রিপুরা স্থিত ত্রিপুরা গ্রামীণ ব্যাঙ্ক (ব্যাঙ্ক) - এর উপর ₹2,00,000/- (দুই লাখ টাকা মাত্র) - এর আর্থিক জরিমানা আরোপ করেছে। ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949-এর ধারা 47A (1) (c) তৎসহ পঠিত ধারা 46 (4) (i) এবং ধারা 51(1) এর বিধানের অধীনে আরবিআই-এর উপর ন্যস্ত ক্ষমতাবলের প্রয়োগে, আরবিআই দ্বারা জারিকৃত প্রাগোক্ত নির্দেশবিধি সমূহ (directions) মান্য ক'রে চলতে ব্যর্থ হওয়া-কে বিচার ক'রে এই জরিমানা-টি আরোপ করা হয়েছে।

এই ক্রিয়াপদক্ষেপ-এর ভিত্তি - বিধিসম্পর্কিত (regulatory) অনুপালন কার্যে খামতি, এবং ব্যাঙ্ক কর্তৃক তার গ্রাহকের সাথে ক্রিয়াসম্পাদিত কোনও লেনদেন বা সম্মতিসনদ (agreement) - এর বৈধতা-র উপর বিচার-প্রভাব আরোপ এর অভিপ্রায় নয়।

পটভূমি

মার্চ 31, 2022 তারিখে তার আর্থিক অবস্থার পরিপ্রেক্ষিতে NABARD দ্বারা ব্যাঙ্কের সংবিধিবদ্ধ পরিদর্শন (statutory inspection) করা হয়েছিল এবং পরিদর্শন রিপোর্টের পরীক্ষায় প্রকাশ পেয়েছে যে, IRAC নিয়ম অনুযায়ী ব্যাঙ্ক নির্দিষ্ট ঋণ অ্যাকাউন্টকে শ্রেণীবদ্ধ করতে ব্যর্থ হয়েছে। এর ভিত্তিতে, নির্দেশবিধি অমান্য করার জন্য কেন জরিমানা আরোপ করা হবে না সেই কারণ দর্শানোর পরামর্শ দিয়ে ব্যাঙ্ক-টির প্রতি একটি বিজ্ঞপ্তি (Notice) জারি করা হয়েছিল।

ব্যাঙ্ক টি-র জবাব, তৎ-সম্পর্কিত অতিরিক্ত দাখিলাদি এবং ব্যক্তিগত শুনানি কালীন পেশ করা মৌখিক দাখিলাদি বিবেচনা করা'র পর আরবিআই এই সিদ্ধান্তে উপনীত হয়েছে যে আরবিআই-এর নির্দেশবিধি অননুপালন জনিত প্রাগুক্ত অভিযোগ ধার্য-ক্রিয়া (charge) বাস্তবের ভিত্তিতে প্রতিষ্ঠিত এবং আর্থিক জরিমানা আরোপ যথোপযুক্ত।

প্রেস প্রকাশনী: 2023-2024/233

(যোগেশ দয়াল)

মুখ্য মহাপ্রবন্ধক